


# ঈদ ফ্যাশনঃ নজর গরমের আরামে

**ঋষিকা**

*ঈদ মানেই আনন্দ, নতুন জামা আর সেমাই। ইসলাম ধর্মাবলম্বীদের জন্য সবচেয়ে বড় ধর্মীয় উৎসব ঈদুল ফিতর। এই আনন্দের দিনটিকে উদ্‌যাপনের জন্য সারাবছর ধরে প্রতীক্ষায় থাকেন সবাই। এক মাস সিয়াম সাধনার পর আসে খুশির ঈদ। ঈদে নতুন জামা না হলে কি চলে। গত দুই বছর ঈদের মধ্যে পড়েছে পহেলা বৈশাখ। ফলে ফ্যাশন হাউজগুলোতে ঈদ আর বৈশাখের একই ধরনের কালেকশন দেখা গেছে। তবে এবার বৈশাখ আসবে ঈদের পরে। তাই এই দুই আয়োজনের জন্য আলাদা কালেকশন দেখা যাবে।*

## আসছে নতুন কাপড়ের ধরন

বর্তমানে হালকা রঙের জামা সবার পছন্দ। প্যাস্টেল কালারের বিভিন্ন শেডগুলোই বেশি চোখে পড়ছে এবারের ঈদ কালেকশনে। গরম আবহাওয়ার কথা মাথায় রেখে বেছে নেওয়া হয়েছে কাপড়ের ধরন। হালকা কাজ আর বিভিন্ন স্টাইল অনুযায়ী ডিজাইন করা হয়েছে কালেকশনগুলোতে। এবারে ঈদ কালেকশনে লা রিভের থিম ইন্ডালজেন্স বা মগ্নতা। ঈদের মতো উৎসবে জীবনের ছোট ছোট আনন্দে মগ্ন হওয়ার খুশি ও উচ্ছাসকেই রঙ, ডিজাইন ও প্যাটার্নে ফুটিয়ে তুলেছে ব্র্যান্ডটি। লা রিভে বরাবরের মতো প্রাধান্য পেয়েছে ফ্যামিলি কালেকশন, নারী-পুরুষ, টিন এজ ও শিশুদের পোশাক সংগ্রহ। লা রিভের প্রধান নির্বাহী পরিচালক মন্নুজান নার্গিস জানান, 'লা রিভ ঈদ কালেকশনে সিল্ক ও মসলিনের অসাধারণ যুগলবন্দী ঘটেছে এবার। ফুটি কার্পাস তুলা থেকে তৈরি মসলিন এবং রেশমগুটি থেকে তৈরি সিল্ক আধুনিক বুননকৌশলের মাধ্যমে নানান রূপ পেয়েছে।' গ্রীষ্মের দাবদাহকে মাথায় রেখে উৎসবের আমেজ ধরে রাখতে সিল্কের লাক্সারি এবং গ্রীষ্মের প্রখর তেজ কমাতে ভিসকোসের কমফোর্ট ব্লেন্ড করে সম্পূর্ণ নতুন ধরনের একটি কাপড় তৈরি করেছে লা রিভ। নতুন কাপড়টি হলো সিল্ক-ভিসকোস ব্লেন্ড। এই ঈদে শুধু লা রিভেই এই নতুন ঘরানার কাপড়টি পাওয়া যাবে বলে জানান মন্নুজান নার্গিস।

## পরিবারের জন্য এক ধরনের পোশাক

লা রিভে পরিবারের সবার জন্য ম্যাচিং ডিজাইনের পাশাপাশি স্বতন্ত্র পার্টি-স্টাইলগুলোও পেয়ে যাবেন ক্রেতারা। বাবা-ছেলে, মা-মেয়ে, টিন এজ ছেলে ও মেয়ের জন্য ঈদের পাঞ্জাবি, শাড়ি, সালোয়ার-কামিজ, লং টিউনিক, কামিজ, টিন পাঞ্জাবি ও টিউনিক থাকছে তাদের এবারের কালেকশনে। লা রিভের ডিজাইনগুলোর অন্যতম

বৈশিষ্ট্য, ফিউশন কিউতে থাকছে নারী ও কিশোরিদের পার্টি গাউন ও টিউনিক। ঈদের ক্যাজুয়াল ও সেমি এথনিক অনুষ্ঠানে পরার উপযোগী টিউনিক উইথ শ্রাগ, কামিজ, লং-স্লিভ শার্ট, লং-টিউনিক, বিজনেস ক্যাজুয়াল শার্টও পাওয়া যাচ্ছে এবারের কালেকশনে। এক্সক্লুসিভ লেবেল নার্গিসাস থেকে ক্যাজুয়াল হিসেবে টপ, টপ বটম সেট, শার্ট, কামিজ থাকছে। থাকছে সিল্ক, মসলিন ও পার্টি-উপযোগী গাউন, টিউনিক ও সালোয়ার-কামিজ সেটে সাজানো নার্গিসাস এথনিক কালেকশন।

## নারীদের জন্য আয়োজন

পরিবারের জন্য একই রঙের একই ডিজাইনের গ্রুপ পোশাক থাকছে অঞ্জন'সের ঈদ কালেকশনে। সব বয়সীদের জন্য সাজানো আয়োজনে ট্রেন্ডি, স্টাইলিশ ও বৈচিত্র্যময় ডিজাইনের পোশাক নিয়ে এসেছে এবারের অঞ্জন'স এক্সক্লুসিভ ঈদ কালেকশন। এবারের ঈদ কালেকশনে মেয়েদের জন্য রয়েছে শাড়ি, সালোয়ার কামিজ ওড়না, টপস ও বিভিন্ন ধরনের জুয়েলারি। এবারের ঈদ বসন্তের শেষ এবং গ্রীষ্মের শুরুতে; পোশাক ডিজাইন, রঙ নির্বাচন ও ফেব্রিক ব্যবহারের ক্ষেত্রে এই বিষয়গুলো গুরুত্ব পেয়েছে। রাজশাহী বলাকা সিল্ক, মসলিন, হাফ সিল্ক, কটন সিল্ক, লিনেন কটন, টাঙ্গাইল কটন ও ভয়েল কাপড়ের শাড়িগুলোতে ব্লকপ্রিন্ট, স্ক্রিনপ্রিন্ট ও এম্ব্রয়ডারি করা হয়েছে। ঈদ উপলক্ষ্যে অলওভার এম্ব্রয়ডারি ও কারচুপি করা এক্সক্লুসিভ শাড়ি নিতে চাইলে যেতে পারেন অঞ্জন'সে। পছন্দ যদি হয় সালোয়ার-কামিজ তাহলেও নিরাশ করবে না অঞ্জন'স। এবারের ঈদ কালেকশনে আছে কটন, লিনেন কটন, জ্যাকার্ড কটন, রেয়ন কটন, সফট সিল্ক, ডুপিয়ান সহ বিভিন্ন কাপড়ের সালোয়ার কামিজ, সিঙ্গেল কামিজ ও শট-লং-মিডিয়াম লেন্থের টপস। কামিজ ও টপসগুলোতে সমসাময়িক ট্রেন্ড ও প্যাটার্ন বেশি গুরুত্ব পেয়েছে। স্কিন প্রিন্ট, এম্ব্রয়ডারি ও ডিজিটাল প্রিন্টের আনস্টিচ সালোয়ার-কামিজ পাওয়া যাবে এবারের ঈদ আয়োজনে। অঞ্জন'সের কোর এথনিক অংশে আছে পাঞ্জাবি, শাড়ি ও সালোয়ার-কামিজ।

পাশাপাশি সিলভার ও বেইজ মেটাল ব্যবহার করে পাথর এবং অন্যান্য বিডস্ এর সমন্বয়ে নিজস্ব ডিজাইনে আধুনিক ও ঐতিহ্যমণ্ডিত নকশায় নেকলেস, চোকার, আংটি, কানের দুল, নাক ফুল, চুড়ি সহ বিভিন্ন ধরনের গয়না রয়েছে এবারের ঈদ কালেকশনে।

## পুরুষদের পোষাক

ছেলেদের জন্য রয়েছে পাঞ্জাবি-পাজামা, শার্ট, ফতুয়া, টিশার্ট ও কটি। সাদা, লাল, মেরুন, কালো, নীল, সবুজ, বাদামি সহ বিভিন্ন রঙের পাঞ্জাবি রয়েছে এবারের ঈদ কালেকশনে। কটন, জ্যাকার্ড কটন, এন্ডি কটন, রেয়ন কটন, ভয়েল সহ বিভিন্ন কাপড়ের পাঞ্জাবিগুলোতে এম্ব্রয়ডারি, কারচুপি, ডিজিটাল প্রিন্ট ও স্ক্রিন প্রিন্ট করা হয়েছে অঞ্জন'সের ঈদ কালেকশনে। কলিদার কাট, রেগুলার ফিট ও স্লিম ফিট পাঞ্জাবি দিয়ে সাজানো



বিশ্বরঙ



অঞ্জনস



লারিভ



রঙ বাংলাদেশ



আড়ং



এপেক্স

হয়েছে ছেলেদের ঈদ কালেকশন। পাঞ্জাবি ছাড়াও কাতান, জ্যাকার্ড ডিজাইন ও ভারী কটন কাপড়ের কটি পাওয়া যাবে। কটন কাপড়ে ফুল স্লিভ, হাফ স্লিভ শার্ট ও ফতুয়া রয়েছে ঈদ কালেকশনে। লা রিভের কোর ক্যাজুয়াল সেগমেন্টে পাওয়া যাবে টিশার্ট, পোলো, টপস, টিউনিক, ওভেন টপ, টিউনিক উইথ কেপ, হেনলি টিশার্ট। তাদের পুরুষের কালেকশনে বিশেষ নজর কাড়তে পারে প্রিমিয়াম পাঞ্জাবি, কটি ও কাবলি সেটের বৈচিত্র্য।

## ঈদ কালেকশনে ছোট্ট সোনামণিরা

ঈদের পোশাক নিয়ে শিশুদের মাঝেই থাকে বেশি উচ্ছ্বাস ও আগ্রহ। ঈদে শিশুদের এ আনন্দ ছুঁয়ে যায় বড়দেরও। শিশুদের ঘিরেই যেন ঈদ আনন্দ। তাই ঈদ এলে শুরুতেই মাথায় আসে ছোট্ট সোনামণির পোশাকের কথা এবং তা হতে হবে স্পেশাল। ঈদে শিশুদের কথা মাথায় রেখে আয়োজনের কমতি নেই ফ্যাশান হাউজগুলোতে। কে ক্রাফটে শিশু-কিশোরদের জন্য পেয়ে যাবেন, পাঞ্জাবি-পাজামা, শার্ট, সালোয়ার কামিজ ও ফ্রক। যেহেতু ঈদ আসতে আসতে গরম পড়ে যাবে। তাই উৎসবের দিনগুলোতে আবহাওয়ার সাথে আরাম ও স্বস্তিদায়ক হবে এমন বিষয়গুলো মাথায় রাখা হয়েছে। গুরুত্ব সহকারে ফ্যাব্রিক এবং রঙ বাছাই করা হয়েছে এবারের কালেকশনে। উৎসব ভিত্তিক পোশাক আয়োজনে মেয়ে শিশুদের জন্য থাকছে সালোয়ার-কামিজ, ফ্রক, কুর্তি, টপস, লেহেঙ্গা সেট, টপস সেট, স্কার্ট, পার্টি ফ্রক, টপস-কটি সেট, পালাজ্জো। ছোট ছেলেদের পোশাক আয়োজনে নানা রঙের পাঞ্জাবি, হাফ হাতা কাটের শার্ট এবং ফতুয়া। এছাড়াও ছোট মেয়েদের বোন অথবা মায়ের সাথে মিলিয়ে পরার জন্য সালোয়ার-কামিজ, কুর্তি এবং বাবা-ছেলের জন্য পাঞ্জাবি, শার্ট, ফতুয়া থাকছে।

ফ্লোরাল, মুঘল, জ্যামিতিক, জামদানি, কাশ্মীরি, বেলারুশ, ম্যান্ডালা, এথনিক, ছাড়াও আরও অন্যান্য মোটিফ ফুটিয়ে তুলতে পোশাকে অনেক রকম প্রিন্ট থাকছে। হাতের কাজ, কারচুপি, টাই-ডাইয়ের কাজ রয়েছে কমবেশি। এছাড়াও ডিজাইনের প্রয়োজনে নেট ফ্যাব্রিক, লেইস, বিড এবং মেটালের ব্যবহার হয়েছে। গরমের সময় বিবেচনায় রেখে বৈচিত্র্যময় রঙ নির্বাচন করে কটন, জ্যাকার্ড কটন, টু-টোন, নিব কটন, জর্জেট, ভয়েল, সুইস কটন, লিনেন, মমো সিল্ক, ক্যাশমিলন, ডুপিয়ন সিল্ক, দুবাই সিল্ক, পেপার সিল্ক, ভিসকোস ফ্যাব্রিকে তৈরি করা হয়েছে এবারের পোশাক। কে ক্রাফট ছাড়াও অন্যান্য ব্রান্ডগুলোতেও শিশুদের জন্য ঈদ কালেকশন করা হয়েছে বিশেষ গুরুত্ব সহকারে।

## পায়ের সাজেও আছে ভিন্নতা

বিভিন্ন সাব-ব্র্যান্ড মুচি, নিনো রসি, ভেঞ্চুরিনি, ম্যাভেরিকসহ ঈদের জন্য তৈরি করা ২৫শর বেশি ডিজাইনের সংগ্রহ নিয়ে এবারের ঈদে সাজানো হয়েছে 'হাউজ অফ এপেক্স'। নারীদের পছন্দের সমসাময়িক পোশাক লাইন, 'জাটারিয়া'র ঈদ কালেকশন। প্রতিবারের মতো এবারও ঈদ উপলক্ষ্যে প্রতিষ্ঠানটি নিয়ে এসেছে ফরমাল, ক্যাজুয়াল, হিল, ব্যাগ, বেল্টসহ নানান উপকরণ।